পল্লী উন্নয়নে সোনালী সোপান

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

সঞ্চয় করুন ভবিষ্যত গড়ুন

২০ মে/২০১৮ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

---

সভাপতি মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক

সভার তারিখ ২০ মে, ২০১৮

সভার সময় সকাল ১০.৩০ ঘটিকা

স্থান বিআরডিবি'র সম্মেলন কক্ষ

উপস্থিতি পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | বিআরডিবির ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ সনের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি | ২০১৭-২০১৮ সনের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন হওয়ার বিষয়ে সভায় জানানো হয়। এ পর্যন্ত কার্যক্রম অগ্রগতির হার ৪০%। কার্যক্রম বাস্তবায়নের সমস্যাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। ইনোভেশন কমিটি কর্তৃক গৃহিত বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আরও তৎপর হয়ে কার্যক্রম বাস্তবায়ন করবেন।<br>২। বর্তমানে মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি জানার লক্ষ্যে নির্ধারিত ছকে তথ্য আনয়নের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গৃহিত ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ | ১। ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য মেন্টর, মেন্টি নির্বাচন বিষয়ে উপপরিচালক (প্রোগ্রামিং) বলেন, মাঠ পর্যায় থেকে নতুন করে ইনোভেশন আইডিয়ার হালনাগাদ তথ্য আনয়ন করলে Mentor (মেন্টর) এবং Mentee (মেন্টি) নির্বাচন করা সহজ হবে।<br>২।মহাপরিচালক মহোদয়, ইনোভেশন কমিটির সদস্য এবং সংশ্লিষ্টদের উপস্থিতিতে ৩জন কর্মকর্তা জনাব মোঃ রাজিউর রহমান, ইউআরডিও, ডিমলা, নীলফামারী তার ইনোভেশন আইডিয়া-**'ডিজিটাল ট্রেনিং স্টোর হাউজ'**, জনাব এস.এম.এ সোহেল, ইউআরডিও, শ্যামনগর, সাতক্ষীরা তার ইনোভেশন আইডিয়া-**'বিআরডিবি মোবাইল ইনডেক্স'** এবং **'প্রশিক্ষণের মান উন্নয়নে ছাদ বাগান'** এবং জনাব মোঃ মোশাররফ হোসেন, ইউআরডিও, নকলা, শেরপুর তার ইনোভেশন আইডিয়া-**'নির্দিষ্ট গ্রামকে অতিদরিদ্র মুক্তকরণ'** বিষয়ে তাদের ইনোভেশন আইডিয়া সভায় উপস্থাপন করেন। | ১। হালনাগাদ তথ্যসমূহ আনয়নের পর গৃহিত ইনোভেশন আইডিয়ার উপর ভিত্তি করে Mentor (মেন্টর) এবং Mentee (মেন্টি) নির্বাচন করতে হবে।<br>২। উক্ত ৩জন কর্মকর্তার মধ্যে ইউআরডিও, নকলা, শেরপুর এর ইনোভেশন আইডিয়া **'নির্দিষ্ট গ্রামকে অতিদরিদ্র মুক্তকরণ'** পুনরায় পাইলটিং করা যেতে পারে। ইউআরডিও, ডিমলা, নীলফামারী এর **'ডিজিটাল ট্রেনিং স্টোর হাউজ'** ইনোভেশন আইডিয়া নীলফামারী জেলায় Replication এ যাওয়া যেতে পারে । এজন্য তাকে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বাজেট বরাদ্দ দেয়া যেতে পারে। ইউআরডিও, শ্যামনগর, সাতক্ষীরা এর **'বিআরডিবি মোবাইল ইনডেক্স'** বিষয়ক এ্যাপটি সারাদেশে Implementation/ Scale up করা যেতে পারে। এজন্য তাকে ৪৫,০০০/- (পঁয়চল্লিশ হাজার টাকা) বাজেট বরাদ্দ দেয়া যেতে পারে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৩ | বিআরডিবির ই-ইনোভেশন রোডম্যাপ বাস্তবায়ন পরিকল্পনার অগ্রগতি ও সুপারিশ গ্রহণ | ই-সার্ভিস রোডম্যাপের আওতায় ৫টি সিস্টেমের মধ্যে e-Beneficiaries Management System এর জন্য পুনরায় জরুরী ভিত্তিতে EOI বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্দেশনা পাওয়া গেছে মর্মে উপপরিচালক (প্রোগ্রামিং) জানান। সভায় পরবর্তী করণীয় বিষয়ে আলোচনা হয়। | Re-EOI বিজ্ঞপ্তি পত্রিকায় প্রচারের জন্য জনসংযোগ ও সমন্বয় শাখা বরাবর অতিসত্তর প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৪ | ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনা | ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনায় উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে, প্রোগ্রামিং শাখা কর্তৃক ই-ফাইলিং বিষয়ে যাবতীয় কার্যক্রম নিয়মিতভাবে আপডেট করা হচ্ছে। | ই-ফাইল বিষয়ে রিফ্রেসার্স কোর্স আয়োজনের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন পাওয়া গেছে। মহাপরিচালক মহোদয় তারিখ ঘোষণা করলেই রিফ্রেসার্স কোর্স অনুষ্ঠিত হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সেবা সহজীকরণ বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি আলোচনা ও সুপারিশ প্রদান | ১। Service Process Simplification (SPS) এর কার্যক্রমে অগ্রগতি বিষয়ে উপপরিচালক (প্রোগ্রামিং) জানান SPS সেবার **‘ঋণ বিতরণ সহজীকরণ’** ও **‘অভিন্ন ঋণ নীতিমালা প্রণয়ন’** বিষয়ক নথি পরিচালক (সরেজমিন) মহোদয়ের উপস্থিতিতে বর্তমান উপপরিচালক (ঋণ) কে হস্তান্তর করা হয়েছে। | ১। দ্রুততম সময়ে উপপরিচালক (ঋণ) SPS সংক্রান্ত কমিটি পুর্নগঠন করার নিমিত্ত নথি উপস্থাপন করবেন। | উপপরিচালক (ঋণ) |
| | | ২। **‘আভ্যন্তরীণ দায়দেনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ সহজীকরণ’** সেবা বিষয়ে আলোচনায় কমিটি কর্তৃক একটি পূর্ণাঙ্গ মডিউল তৈরির বিষয়ে আলোচনা হয়। | ২। **‘আভ্যন্তরীণ দায়দেনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ সহজীকরণ’** সেবা বিষয়ে উপ প্রকল্প পরিচালক (ইরেসপো) ও সহকারী পরিচালক (পদাবিক) একটি পূর্ণাঙ্গ মডিউল তৈরি করে আগামী সভায় উপস্থাপন করবেন। | উপপরিচালক (হিসাব/নিরীক্ষা/ মূল্যায়ন), উপপরিচালক (প্রোগ্রামিং), ডিপিপি (ইরেসপো), সহকারী পরিচালক (পদাবিক) |
| | | ৩। নতুন ইনোভেশন আইডিয়ার বিষয়ে উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে, মাঠ পর্যায়ের কয়েকজন কর্মকর্তা “কর্মচারী ব্যবস্থাপনা” নামে একটি নতুন আইডিয়া নিয়ে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছেন। | ৩। “কর্মচারী ব্যবস্থাপনা” নামে নতুন ইনোভেশন আইডিয়াটি পরীক্ষা-নিরীক্ষা করে পাইলটিং এর আওতায় আনতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |

বিবিধঃ গবেষণা ও উদ্ভাবনী উদ্যোগ শিরোনামে অনুমোদিত বাজেট থেকে উদ্ভাবকদের জন্য বরাদ্দের মাধ্যমে ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৩৪ — তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৫
২০ মে ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।


২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

৪) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

৫) উপ প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।

৬) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম
উপপরিচালক